

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৫৫

পর্ব ২১: খাদ্য (ইন্স্রহান্)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - অতিথি আপ্যায়ন প্রসঙ্গে

আরবী

وَعَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَكَلَ مَعَ قَوْمِ كَانَ آخِرَهُمْ أَكْلًا. رَوَاهُ الْبَيْهَقِيّ فِي «شعب الْإِيمَان» مُرْسلا

বাংলা

8২৫৫-[১৩] জা'ফার ইবনু মুহাম্মাদ (রহিমাহুল্লাহ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন লোকজনের সঙ্গে খেতে বসতেন, তখন সকলের শেষে খাওয়া হলে অবসর হতেন। (বায়হাকী- শু'আবুল ঈমান, মুরসালরূপে বর্ণনা করেছেন)[1]

ফুটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈমান ৬০৩৭, সিলসিলাতুয্ য'ঈফাহ্ ৫৭৪৭।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে 'আবদুর রহমান বায়াউল হারবী'' নামক অপরিচিত রাবী, যাকে চেনা যায় না। উপরস্তু হাদীসটি মুরসাল, কারণ 'জা'ফার ইবনু মুহাম্মাদ'' মুরসাল হিসেবে বর্ণনা করেছেন। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১২/৫৪৭ পৃঃ, ৫৭৪৭ নং।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (کَانَ آخِرَهُمْ أَکْلًا) 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সবার পরে খাবার শেষ করতেন' হাদীসটির অর্থ এ নয় যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুব বেশি পরিমাণ খাবার খেতেন সেজন্য সকলের শেষে খাওয়া হতে অবসর হতেন, বরং সঙ্গীদের খাবার শেষ হওয়া পর্যন্ত তিনি বসে থাকতেন। যখন সকলের খাওয়া শেষ হতো তখন তিনিও খাদ্যাসন ত্যাগ করতেন। [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জা'ফার ইবনু মুহাম্মাদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন